

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১২৪

৩৩/ ওয়াসীয়ত (ৠু كتاب الوصايا عن رسول الله

পরিচ্ছেদঃ ওয়ারিছানের জন্য ওয়াসীয়ত নাই।

باب ما جاء لا وصية لوارث

আরবী

حَدَّثَنَا قُتُبْبَةُ، حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ قَتَادَةَ، عَنْ شَهْرِ بْنِ حَوْشَب، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ غَنْم، عَنْ عَمْرِو بْنِ خَارِجَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم خَطَبَ عَلَى نَاقَتِهِ وَأَنَا تَحْتَ جَرَانِهَا وَهِي تَقْصَعُ بِجَرَّتِهَا وَإِنَّ لُعَابَهَا يَسِيلُ بَيْنَ كَتِفَيَّ فَسَمِعْتُهُ يَقُولُ " إِنَّ اللَّهَ أَعْطَى جَرَانِهَا وَهِي تَقْصَعُ بِجَرَّتِهَا وَإِنَّ لُعَابَهَا يَسِيلُ بَيْنَ كَتِفَيَّ فَسَمِعْتُهُ يَقُولُ " إِنَّ اللَّهَ أَعْطَى كُلُّ ذي حَقِّ حَقَّهُ وَلاَ وَصِيَّةَ لِوَارِثِ وَالْوَلَدُ لِلْفِرَاشِ وَلِلْعَاهِرِ الْحَجَرُ وَمَنِ ادَّعَى إِلَى غَيْرِ مَوَالِيهِ رَغْبَةً عَنْهُمْ فَعَلَيْهِ لَعْنَةُ اللَّهِ لاَ يَقْبَلُ اللَّهُ مِنْهُ صَرْفًا وَلاَ عَدْلاً أَبِيهِ أَو انْتَمَى إِلَى غَيْرِ مَوَالِيهِ رَغْبَةً عَنْهُمْ فَعَلَيْهِ لَعْنَةُ اللَّهِ لاَ يَقْبَلُ اللَّهُ مِنْهُ صَرْفًا وَلاَ عَدْلاً ". قَالَ وَسَمِعْتُ أَحْمَدُ بْنَ الْحَسَنِ يَقُولُ قَالَ أَحْمَدُ بْنُ حَنْبَلٍ لاَ أَبُالِي بِحَدِيثِ شَهْرِ بْنِ حَوْشَب قَوَثَقَهُ وَقَالَ إِنَّمَا يَتَكَلَّهُ حَوْثَ عَنْ شَهْرِ بْنِ حَوْشَب قَوَثَقَهُ وَقَالَ إِنَّمَا يَتَكَلَّمُ عَوْنٍ ثُمَّ رَوَى ابْنُ عَوْنٍ عَنْ هِلاَل بْنِ أَبِي زَيْنَبَ عَنْ شَهْرِ بْنِ حَوْشَب قَوَثَقَهُ وَقَالَ إِنَّمَا يَهَا أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَعْونٍ عَنْ عَنْ هَلَل بْنِ أَبِي زَيْنَبَ عَنْ شَهْرِ بْنِ حَوْشَب . قَالَ أَبُو

বাংলা

২১২৪. কুতায়বা (রহঃ) আমর ইবন খারিজা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর উটের উপর আরোহী অবস্থায় ভাষণ দিয়েছিলেন। আমি একটির গলার নীচে দাঁড়ানো ছিলাম। এটি জাবর কাটছিলো আর এর লালা বেয়ে পড়ছিলো আমার কাঁধের মাঝ দিয়ে তাকে তখন বলতে শুনেছিলামঃ আল্লাহ তা'আলা প্রত্যেক হকওয়ালার হক দিয়ে দিয়েছেন সুতরাং ওয়ারিছের জন্য ওয়াসীয়ত নেই, সন্তান হল বৈধ শয্যার আর ব্যাভিচারীর জন্য পাথর। কেউ যদি অনীহাবশত পিতা ছাড়া অন্য ব্যক্তিকে পিতা বলে পরিচয় দেয় বা প্রকৃত মাওলা ছাড়া অন্য কোন ব্যক্তির প্রতি মাওলা বলে নিসবত করে তবে তার প্রতি আল্লাহর লা'নত পড়বে। আল্লাহ তার ফর্য বা নফল কোন ইবাদতই কবূল করবেন না।

সহীহ, ইবনু মাজাহ ২৭১২, তিরমিজী হাদিস নম্বরঃ ২১২১ [আল মাদানী প্রকাশনী]

আহমাদ ইবন হাম্বল (রহঃ) বলেন, রাবী শাহর ইবন হাওশাব-এর হাদীস সম্পর্কে আমি পরোয়া করি না। ইমাম



আবূ ঈসা (রহঃ) বলেন, আমি মুহাম্মদ ইবন ইসমাঈল (বুখারী) (রহঃ)-কে শাহর ইবন হাওশাব সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি তাকে নির্ভরযোগ্য বলেছেন। তিনি আরো বলেছেন, শুধুমাত্র ইবন 'আওনই তার সম্পর্কে সমালোচনা করেছেন। কিন্তু ইবন আওনই আবার হিলাল ইবন আবূ যায়নাব সূত্রে শাহর ইবন হাওশাব থেকে হাদীস বর্ণনা করেছেন।

এ হাদীসটি হাসান-সহীহ।

English

Amr bin Kharajah narrated:

"The Prophet (s.a.w) gave a Khutbah upon his she-camel, while I was under the front of her neck, and she was chewing her curd, with her saliva dripping between my shoulders. I heard him saying: 'Indeed Allah, Most Blessed and Most High, has given the right due to everyone deserving a right. So there is no will for an heir, the child is for the bed, and for the fornicator is the stone.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আমর ইবন খারিজা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন